আগুন নিঃসন্দেহে তোমাদের চরম শত্রু। সুতরাং যখন তোমরা ঘুমাতে যাবে, তখন তা নিভিয়ে দাও।

আবূ মূসা আশআরী রাদিয়াল্লাহু আনহু থেকে মারফূ হিসেবে বর্ণিত, একবার রাতের বেলায়
মদিনার এক ঘরে আগুন লেগে ঘরের লোকজনসহ পুড়ে গেল। এদের অবস্থা নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়া সাল্লামের নিকট জানানো হলে তিনি বললেন, “এ আগুন নিঃসন্দেহে তোমাদের
জন্য চরম শত্রু। সুতরাং যখন তোমরা ঘুমাতে যাবে, তখন তা নিভিয়ে দাও।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একবার রাতের বেলায় মদিনার এক ঘরে আগুন লেগে পুড়ে গেল। সংবাদটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পৌঁছলে তিনি তাদের বললেন, এ আগুন নিঃসন্দেহে মানুষের চরম শত্রু; যদি না তারা এর লেলিহান শিখা ও এর জ্বালাও-পোড়াও স্বভাব থেকে বাঁচার চেষ্টা করে। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আগুন লাগার ক্ষয়-ক্ষতি থেকে বাঁচার জন্য তাদেরকে ঘুমানোর পূর্বে তা নিভিয়ে ফেলার নির্দেশ দিয়েছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/4235